

B.A. Semester-VI (Honours) Exam. 2022-23

বাংলা

Course ID : 60111 Course Code : AH/BNG/601/C-13

Course Title : উনিশ ও বিশ শতকের প্রবন্ধ ও পত্রসাহিত্য

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$
- ক) ‘গীতিকাব্য’ প্রবন্ধটি কবে কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল?
- খ) ‘ঐ মহামানব আসে, দিকে দিকে রোমাঞ্চ লাগে’ — কে কোথায় এই উক্তি করেন?
- গ) ‘কবিতার কথা’ প্রবন্ধে কবি নিজের সম্পর্কে কী মন্তব্য করেছেন?
- ঘ) ‘যুরোপ প্রবাসীর পত্র’-এ উল্লিখিত যে-কোনো দুটি নাচের নাম উল্লেখ করো।
- ঙ) “উভয়েই ঋষিকন্যা।” — এখানে ‘উভয়েই’ বলতে কাদের বোঝানো হয়েছে?
- চ) ‘শিশুদের কাছে হৃদয়কে দান করিবার অবকাশ সেই আমার জীবনে প্রথম ঘটেছিল’ — এখানে ‘শিশুদের’ বলতে কাদের কথা বলা হয়েছে?

ছ) ‘কালান্তর’ প্রবন্ধ গ্রন্থের শেষ প্রবন্ধের নাম কী? প্রবন্ধটি রচনার উপলক্ষ্য কী?

জ) ‘যুরোপ প্রবাসীর পত্র’-গ্রন্থে রবীন্দ্রনাথ কবে কোন্ স্টিমারে তাঁর যাত্রা শুরু করেছিলেন?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) ‘শকুন্তলা, মিরান্দা ও দেসদিমোনা’ প্রবন্ধ অনুসরণে শকুন্তলা চরিত্রের বৈশিষ্ট্য লেখো।

খ) ‘রবীন্দ্রনাথ ও বাংলা আধুনিক কবিতা প্রবন্ধে জীবনানন্দ দাশ সত্যেন্দ্রনাথ দত্তের কবিতা সম্বন্ধে যে আলোচনা করেছেন, তা সংক্ষেপে লেখো।

গ) “তার পরে এলো ইংরেজ, কেবল মানুষ রূপে নয়, নব্য যুরোপের চিত্তপ্রতীক রূপে।” — লেখকের এরূপ মন্তব্যের কারণ পরিস্ফুট করো।

ঘ) ‘যুরোপ প্রবাসীর পত্র’-এর প্রথম পত্রে উল্লিখিত লেখকের সমুদ্রপীড়ার অভিজ্ঞতা নিজের ভাষায় লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

ক) ‘গীতিকাব্য’ প্রবন্ধ অনুসরণে গীতিকাব্য সম্পর্কে বঙ্কিমচন্দ্রের ধারণা নিজের ভাষায় ব্যাখ্যা করো।

খ) ‘লোকহিত’ প্রবন্ধে হিন্দু-মুসলমানের পারস্পরিক সম্পর্ক বিষয়ে রবীন্দ্রনাথের অভিমত বিশদে লেখো।

গ) ‘কবিতার কথা’ প্রবন্ধে কবিতা-বিষয়ক চিন্তায় জীবনানন্দের দৃষ্টিভঙ্গি অভিনব বললে অতু্যক্তি হবে না — এ সম্পর্কে তোমার অভিমত দাও।

ঘ) ‘যুরোপ প্রবাসীর পত্র’-এ কবির পথযাত্রার সঙ্গে জীবন-অভিজ্ঞতার কথা বর্ণিত আছে, তা সংক্ষেপে লেখো।